

শিক্ষা প্রতিষ্ঠানে দুর্নীতি রুখতে ৩৯ সুপারিশ

নিজস্ব প্রতিবেদক •
প্রশ্নফাঁস, গাইড ও কোচিংবাণিজ্য
বন্ধসহ শিক্ষা প্রতিষ্ঠানে দুর্নীতি
রুখতে ৩৯টি সুনির্দিষ্ট সুপারিশ
করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।
দুদকের সচিব ড. মো. শামসুল
আরেকিনের অনুসন্ধানে প্রাপ্ত
সুপারিশমালা বাস্তবায়নের জন্য
গতকাল মন্ত্রিপরিষদ সচিব বরাবর
পাঠানো হয়েছে।

অনুসন্ধানে থাকা 'শিক্ষা সংক্রান্ত
প্রাতিষ্ঠানিক টিম'-এর প্রধান ছিলেন
দুদকের পরিচালক মীর মো. জয়নুল
আবেদীন। এরপর পৃষ্ঠা ২, কলাম ৬

শিক্ষা প্রতিষ্ঠানে দুর্নীতি

(শেষ পৃষ্ঠার পর) দুই সদস্যের
অপারজন ছিলেন সহকারী পরিচালক
মো. হাফিজুর রহমান। দুদক গতকাল
শিক্ষা ক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে
গঠিত 'শিক্ষা সংক্রান্ত প্রাতিষ্ঠানিক টিম'-
এর অনুসন্ধানী প্রতিবেদন অনুমোদন
দেয়। জানা গেছে, প্রতিবেদনে দুর্নীতির
উৎস, দুদকের আইনি ম্যান্ডেট এবং
এসব দুর্নীতি প্রতিরোধে সুনির্দিষ্ট
সুপারিশমালা প্রণয়ন করেছে দুদকের
বিশেষ টিমের সদস্যরা। এই প্রতিবেদনে
প্রশ্নপত্র ফাঁস, নোট বা গাইড,
কোচিংবাণিজ্য, শিক্ষা প্রতিষ্ঠানের
অবকাঠামো নির্মাণ, এমপিওভুক্তি,
নিয়োগ ও বদলিসহ বিভিন্ন প্রকারে
দুর্নীতির উৎস এবং তা বন্ধের জন্য
৩৯টি সুনির্দিষ্ট সুপারিশ করা হয়েছে।